



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.৩২০০.০১৭.২৭.০০৩.১৬- ৩৫

তারিখ: ২৭ পৌষ, ১৪২৭
১১ জানুয়ারি, ২০২১

প্রজ্ঞাপন


যেহেতু, গাইবান্ধা জেলার সাদুল্লাপুর উপজেলার ১১নং খোর্দকোমরপুর ইউনিয়ন পরিষদের সাময়িক বরখাস্তকৃত চেয়ারম্যান জনাব মো: আরিফুর রহমান চৌধুরীর বিরুদ্ধে সরকারী নিয়মনীতির ব্যত্যয় ঘটিয়ে মাননীয় প্রধানমন্ত্রী প্রদত্ত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে নগদ অর্থ সহায়তা কর্মসূচির উপকারভোগীদের নিকট হতে ৪০০/৫০০ টাকা করে আদায়ের অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হওয়ায় জেলা প্রশাসক, গাইবান্ধা এর প্রস্তাব মোতাবেক স্থানীয় সরকার বিভাগের ২৪/০৬/২০২০ তারিখে ৫৯৮নং স্মারকে তাঁকে সাময়িক বরখাস্ত করা হয়। একই সাথে কেন তাঁকে চূড়ান্তভাবে অপসারণ করা হবেনা তা পত্র প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে তার জবাব সংশ্লিষ্ট জেলা প্রশাসকের মাধ্যমে এ বিভাগের প্রেরণের জন্য অনুরোধ করা হয়;

যেহেতু, গাইবান্ধা জেলার সাদুল্লাপুর উপজেলার ১১নং খোর্দকোমরপুর ইউনিয়ন পরিষদের সাময়িক বরখাস্তকৃত চেয়ারম্যান জনাব মো: আরিফুর রহমান চৌধুরী কর্তৃক প্রদত্ত কারণ দর্শানোর জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় জেলা প্রশাসক, গাইবান্ধা বর্ণিত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের বিরুদ্ধে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৪ (৪) (ঘ) ধারা মোতাবেক তার বিরুদ্ধে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করেছেন;

সেহেতু গাইবান্ধা জেলার সাদুল্লাপুর উপজেলার ১১নং খোর্দকোমরপুর ইউনিয়ন পরিষদের সাময়িক বরখাস্তকৃত চেয়ারম্যান জনাব মো: আরিফুর রহমান চৌধুরী-কে জনস্বার্থে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ৩৪ (৪) (ঘ) অনুযায়ী তাঁর পদ হতে অপসারণ করা হলো।

০২। উপজেলা নির্বাহী অফিসার, সাদুল্লাপুর, গাইবান্ধা স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ৩৫(২) ধারা মোতাবেক শূন্য ঘোষণা সংক্রান্ত গেজেট বিজ্ঞপ্তি জারীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

০৩। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।



১১/০১/২০২১
(মো: আবুজাফর রিপন)
সিনিয়র সহকারী সচিব
৯৫৮৬৬০৫
Email:lgup@lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.৩২০০.০১৭.২৭.০০৩.১৬- ৩৫

তারিখ: ২৭ পৌষ, ১৪২৭
১১ জানুয়ারি, ২০২১

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

- ০১। বিভাগীয় কমিশনার, রংপুর।
- ০২। জেলা প্রশাসক, গাইবান্ধা।
- ০৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার, সাদুল্লাপুর, গাইবান্ধা।
- ০৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৭। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৮। জনাব মো: আরিফুর রহমান চৌধুরী, চেয়ারম্যান (অপসারণকৃত), ১১নং খোর্দকোমরপুর ইউনিয়ন পরিষদ, সাদুল্লাপুর, গাইবান্ধা।
- ০৯। অফিস কপি।


১১/০১/২০২১
(মো: আবুজাফর রিপন)
সিনিয়র সহকারী সচিব